

২১ মে, ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

পোশাকের কারণে জনৈক নারীর নির্যাতনের শিকার ও হয়রানির ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট

পোশাকের কারণে জনৈক নারীর নির্যাতনের শিকার ও হয়রানির ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট। এ ঘটনার সুষ্ঠু তদন্তসহ প্রকৃত দায়ী ব্যক্তিদের বিচারের আওতায় এনে যথাযথ শাস্তির দাবী জানাচ্ছে ব্লাস্ট। পাশাপাশি জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত স্থানসহ সর্বস্তরে নারীর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতের দাবী জানাচ্ছে।

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, গত ১৮ মে ২০২১ তারিখ বুধবার ভোরে নরসিংদী রেলওয়ে স্টেশনে পরিধেয় পোশাকের কারণে হয়রানি ও মারধরের শিকার হয়েছেন এক তরুণী। জিঙ্গ প্যান্ট ও টপস পরিহিত ওই তরুণী একপর্যায়ে দৌড়ে স্টেশন মাস্টারের কক্ষে আশ্রয় নিয়ে তাকে বাঁচানোর অনুরোধ করেন। ঘটনার বিবরণে জানা যায়, সেখানে এক নারী প্রথমে ওই তরুণীকে আঘাত করে ও পরে আরও কয়েকজন ব্যক্তি তার ওপর হামলার চেষ্টা করে।

যেখানে আমাদের দেশের সর্বোচ্চ আইন, সংবিধান, এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন, নারীর প্রতি সকল ধরনের বৈষম্য নির্মূল সনদ (সিডও) দ্বারা নারীর প্রতি বৈষম্য সম্পূর্ণ রূপে নিষিদ্ধ করা হয়েছে; সেখানে এরূপ ঘটনা সংকীর্ণমনা চিন্তা-ধারণা, নারীর প্রতি বৈষম্যমূলক মনোভাবেরই প্রতিচ্ছবি এবং সংবিধানের ২৮ (ধর্ম, প্রভৃতি কারণে বৈষম্য), ৩২ (জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকাররক্ষণ) অনুচ্ছেদসমূহের সাথে সম্পূর্ণ সাংঘর্ষিক। এ প্রেক্ষিতে নারীর সার্বিক সুরক্ষা নিশ্চিত দেশে বিদ্যমান সংশ্লিষ্ট আইনসমূহের সুষ্ঠু বাস্তবায়নের দাবী জানাচ্ছে ব্লাস্ট। আইন ও চর্চায় লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং লিঙ্গ সমতা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। এর মধ্যে সমস্ত পরিষেবা এবং প্রতিষ্ঠানে লিঙ্গভিত্তিক সমতা নিশ্চিত করার দায়িত্ব এবং ক্ষতিকারক সাংস্কৃতিক চর্চা এবং ধারাকে দূর করার দায়িত্বও অন্তর্ভুক্ত রয়েছে।

ফলে, নারীর প্রতি এ সহিংসতা এবং চরম অবমাননাকর ও অসম্মানজনক আচরণের সুষ্ঠু তদন্ত, যথাযথ বিচার ও দ্রুত শাস্তির দাবী জানাচ্ছে ব্লাস্ট। এ ধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে তার যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য ব্লাস্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে। একইসাথে, রাষ্ট্রের সর্বস্তরে নারীর সার্বিক সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে ব্লাস্ট।